১০

দৈনিক সংবাদ

তারিখ ২৮ FEB 1998

পৃষ্ঠা ৭ কলাম ৫

জগন্নাথ কলেজ স্নাতক শ্রেণীতে ভর্তি

# ৫ হাজার আসনের জন্য ফরম বিক্রি হয়েছে ৪১ হাজার

॥ এম বাকি বিল্লাহ ॥

সরকারি জগন্নাথ কলেজে স্নাতক সম্মান শ্রেণীতে ৫ হাজার ১শ' ৭৫টি আসনের জন্য ভর্তির আবেদনপত্র বিক্রি হয়েছে প্রায় ৪১ হাজার। এ ফরম বিক্রি করে কলেজের আয় হয়েছে ৪০ লাখ টাকারও বেশি। গতকাল শুক্রবার থেকে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে।

প্রাপ্ত তথ্য অনুযায়ী হিসাব বিজ্ঞান বিভাগে সর্বাধিক ফরম বিক্রি হয়েছে। মাত্র ৭শ' আসনের জন্য এ বিভাগে ফরম বিক্রি হয়েছে ৭ হাজার ২৭টি।

এছাড়া ব্যবস্থাপনা বিভাগে ৭শ' ৫০টি আসনের জন্য ৫ হাজার ৩৫টি; ইংরেজি বিভাগে ৩শ' আসনের জন্য ৩ হাজার ৪৭, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ৫শ' ৫০ আসনের জন্য

ফরম ঃ পৃঃ ১১ কঃ ১

## ফরম ঃ বিক্রি হয়েছে

( ১ম পৃষ্ঠার পর )

২ হাজার ৯শ' ৪৮, ইসলামি শিক্ষা বিভাগে ৭৫ আসনের জন্য ১ হাজার ৮৫। দর্শন বিভাগে ২শ' আসনের জন্য প্রায় ১ হাজার ২শ', অর্থনীতি বিভাগে ৫শ' ৫০ আসনের জন্য ২ হাজার ৬শ', সাধারণ ইতিহাসে ১৫০ আসনের জন্য ৩শ', পরিসংখ্যান বিভাগে ২শ' আসনের জন্য ৪শ' ৮৫, ভূগোল বিভাগে ১শ' ৭৫ আসনের জন্য ১ হাজার ৭১, পদার্থ বিজ্ঞান বিভাগে ২শ' আসনের জন্য ২ হাজার ৮শ' ৮৬, রসায়ন বিভাগে ১শ' ৮০টি আসনের জন্য ৩ হাজার ৮শ' ৭৯, বাংলা বিভাগে ৩শ'টি আসনের জন্য ১হাজার ৩শ' ৫০টি আবেদনপত্র বিক্রি হয়েছে।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৯টা থেকে কর্তৃপক্ষ পর্যায়ক্রমে ভর্তি পরীক্ষা নেয়া শুরু করেছে। চলবে ৪ঠা মার্চ পর্যন্ত।

### আসন বন্টন

আগামীকাল রোববার ১লা মার্চ অনুষ্ঠেয় সরকারি জগন্নাথ কলেজের অনার্স (সম্মান) প্রথম বর্ষের হিসাব বিজ্ঞান বিষয়ের ভর্তি পরীক্ষা জগন্নাথ কলেজ কেন্দ্র ছাড়াও পার্শ্ববর্তী পোগোজ স্কুল ও কবি নজরুল কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

পোগোজ স্কুল কেন্দ্রে অনুষ্ঠিত হবে রোল নম্বর ৩২৩০১ থেকে ৩৩০০০ এবং ৩৫৪০১ থেকে ৩৫৬০০ পর্যন্ত। কবি নজরুল কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে রোল ৩৫৬০১ থেকে ৩৬৪০০ এবং ৪২০০১ থেকে ৪২৪৩১ নম্বর পর্যন্ত। খবর সংবাদ বিজ্ঞপ্তির।